বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৬০

তারিখঃ ০৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৬৬৯তম কমিশন সভা অদ্য ১৯/১২/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. সিলকো ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ০৩ (তিন) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছেন। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৩০ (ত্রিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কারখানা ভবন নির্মাণ, যন্ত্রপাতি ক্রয়, ডেলিভারী ভ্যান ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী নীট সম্পদ মূল্য (NAV) ২৫.৪১ টাকা এবং বিগত ৫ (পাঁচ) টি আর্থিক বিবরণী অনুযায়ী ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.৪৬ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস্ লিমিটেড, ইবিএল ইনভেস্টমেন্টস্ লিমিটেড এবং সিটিজেন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড।

২. DSE Brokers Association of Bangladesh (DBA) এর আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশনের নির্দেশনা নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৩ তারিখ ২৮ ডিসেম্বর ২০১৭ এর মাধ্যমে প্রদত্ত স্টক ডিলার হিসাব ও স্টক ব্রোকার এর মক্কেলের মার্জিন হিসাবের পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংক্রান্ত ঐচ্ছিক সুবিধার মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত কমিশন বর্ধিত করেছে।

১৯/১২/২০১৮
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd